

# **AKASHVANI (AIR)**

## **RNU : KOLKATA**

### **Bengali Text Bulletin**

**Date 12-01-2025**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) দেশের যুবশক্তি অচিরেই ভারতকে উন্নত দেশের মর্যাদা এনে দেবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। স্বামী বিবেকানন্দের ১৬৩-তম জন্ম বার্ষিকীতে প্রধানমন্ত্রী তাঁর স্মৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন।

২) সারা দেশের সঙ্গে এরাাজ্যেও যথোচিত মর্যাদায় স্বামী বিবেকানন্দের জন্মদিনটি জাতীয় যুব দিবস হিসেবে পালিত হচ্ছে।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে শহীদ বিপ্লবী মাস্টারদা সূর্যসেনের আত্মবলিদান দিবস উপলক্ষেও তাঁকে স্মরণ করা হচ্ছে।

৩) নিম্নমানের স্যালাইন প্রয়োগে প্রসূতি মৃত্যুর ঘটনায় রাজ্য সরকারের ১৩ সদস্যের তদন্ত কমিটি আজ বৈঠক করেছে।

অসুস্থ তিন প্রসূতিকে চিকিৎসার জন্য গ্রীণ করিডোর করে কলকাতায় আনা হচ্ছে। গঠন করা হয়েছে মেডিকেল বোর্ড।

৪) সাগর মেলার নিরাপত্তায় রাজ্য সরকার বদ্ধ পরিকর বলে বিদ্যুৎমন্ত্রী অরুণ বিশ্বাস জানিয়েছেন।

পুন্যতীর্থ গঙ্গাসাগরে বাড়ছে মানুষের ভীড়। মেলায় এপর্যন্ত ১ জনের মৃত্যু হয়েছে।

৫) পশ্চিমী ঝঞ্ঝার কারণে মকর সংক্রান্তিতে কনকনে শীতের সম্ভাবনা নেই বলে আবহাওয়া দফতরের পূর্বাভাস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন দেশের যুবশক্তি অচিরেই ভারতকে উন্নত দেশের মর্যাদা এনে দেবে। আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৫-এ যোগ দিয়ে শ্রী মোদী বলেন ভারতের যুব শক্তিই এই অভূতপূর্ব রূপান্তরের চালিকাশক্তি। নতুন প্রজন্মের কাছে সব সমস্যার সমাধান রয়েছে বলেই তাঁর বিশ্বাস।

(Byte - Narendra Modi)

এর আগে সোশ্যাল মিডিয়ায় এক বার্তায় প্রধানমন্ত্রী স্বামী বিবেকানন্দের ১৬৩ তম জন্ম বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। প্রধানমন্ত্রী বলেছেন, স্বামীজি দেশের যুব সম্প্রদায়ের কাছে চিরন্তন অনুপ্রেরণা। শক্তিশালী এবং উন্নত ভারতের যে স্বপ্ন তিনি দেখেছিলেন, তা পূর্ণ করার জন্য দেশবাসী প্রতিশ্রুতিবদ্ধ।

স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উপলক্ষে সামাজিক মাধ্যমে বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সারা দেশের সঙ্গে এরাভ্যেও আজ যথোচিত মর্যাদায় স্বামী বিবেকানন্দের জন্মদিনটি জাতীয় যুব দিবস হিসাবে পালিত হচ্ছে। রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রধান কার্যালয় বেলুড় মঠে প্রভাত ফেরির পাশাপাশি সারাদিনব্যাপী নানান অনুষ্ঠান রাখা হয়েছে। স্বামী বিবেকানন্দের ১৬৩-তম জন্ম তিথি উৎসব আগামী ২১শে জানুয়ারী বেলুড়মঠে পালিত হবে।

স্বামীজীর জন্মদিন উপলক্ষে সংস্কার ভারতী পশ্চিমবঙ্গ, বিবেকানন্দ পাঠ চক্রের উদ্যোগে ও উত্তর কলকাতার সিমলা ব্যায়াম সমিতির সহযোগিতায় স্বামী বিবেকানন্দ মেলার আয়োজন করেছে। স্বামী শিবময়ানন্দ মঞ্চ মেলা চলবে ১৪ ই

জানুয়ারি পর্যন্ত। উত্তর কলকাতার স্বামীজীর পৈতৃক ভিটে থেকে উত্তর কলকাতার বেশ কিছু অংশে স্বামীজীর প্রতিকৃতি সহ বর্ণাঢ্য শোভা যাত্রার আয়োজন করা হয়। পদযাত্রায় ভক্ত, সাধারণ মানুষ, স্কুল পড়ুয়া, সিমলা ব্যায়াম সমিতির সদস্য বিভিন্ন সংগঠন অংশ নেয়।

অখিল ভারত বিবেকানন্দ যুব মন্ডলের কেন্দ্রীয় কার্যালয়েও আজ এক আলোচনাসভার আয়োজন করা হয়।

কলকাতার সিমলা স্ট্রিটে স্বামী বিবেকানন্দের বাড়িতে এক অনুষ্ঠানে স্বামীজীর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান রাজ্যের মন্ত্রী অরুণ বিশ্বাস ও শশী পাঁজা।

রাজ্য সচিবালয় নবান্নে স্বামীজি বিবেকানন্দের পাশাপাশি এদিন বিপ্লবী মাস্টারদা সূর্যসেনের আত্মবলিদান দিবস উপলক্ষে তাঁর প্রতিও শ্রদ্ধা নিবেদন করেন মন্ত্রিসভার সদস্য অরুণ রায়।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ও বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার স্বামীজীর প্রতি শ্রদ্ধা জানানোর পাশাপাশি যুব ম্যারাথনেও অংশগ্রহণ করেন।

অন্যদিকে বিরোধী দলনেতা অধিকারীও সিমলা স্ট্রিটে স্বামীজীর বাড়িতে তার মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান।

প্রদেশ কংগ্রেস এর তরফেও দিনটি যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে।

অন্যান্য জেলাতেও স্বামী বিবেকানন্দের জন্মদিনটি যথোচিত মর্যাদায় পালিত হচ্ছে।

oooooooooooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শহিদ বিপ্লবী মাস্টারদা সূর্যসেন এর আত্মবলিদান দিবস উপলক্ষে তাকে স্মরণ করা হচ্ছে। স্বাধীনতা আন্দোলনে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে সশস্ত্র বিপ্লবে ঝাপিয়ে পড়েছিলেন মাস্টারদা সূর্য সেন। ১৯৩০

সালে ১৮ এপ্রিল মাস্টারদার নেতৃত্বে চট্টগ্রাম অজ্ঞাগার লুণ্ঠন করা হয়। ব্রিটিশ সরকার নির্মম অত্যাচারের পর ১৯৩৪ সালের ১২ ই জানুয়ারি আজকের দিনে চট্টগ্রামের কারাগারে মাস্টারদার ফাঁসি হয়। রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে মাস্টারদাকে শ্রদ্ধা জানানো হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার আজ বিকেলে ব্যারাকপুরের রামকৃষ্ণ বিবেকানন্দ মিশনের অধীন স্বামী বিবেকানন্দ কলেজ অফ এডুকেশন ফর উইমেন- শিক্ষা প্রতিষ্ঠানটি পুনরায় চালু করেছেন। মিশনের আগরপাড়া ক্যাম্পাসে এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী সমাজে পিছিয়ে পড়া মেয়েদের সামনের সারিতে নিয়ে এসে তাদের আত্মনির্ভর করে তোলার ওপর জোর দেন।

উল্লেখ্য, এই বিএড কলেজটি ব্যারাকপুর থেকে আগরপাড়ায় স্থানান্তরিত করার কাজ চলছে। পাঁচ বছর বন্ধ থাকার পর আগামী জুলাই মাস থেকে নতুন ক্লাস শুরু করা যাবে বলে ব্যারাকপুর রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী নিত্যরূপানন্দ জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

মেদিনীপুর মেডিক্যাল কলেজে নিম্নমানের স্যালাইন প্রয়োগে এক প্রসূতি মৃত্যু এবং কয়েকজনের অসুস্থ হয়ে পড়ার জেরে রাজ্য সরকার গঠিত ১৩ সদস্যের তদন্ত কমিটি আজ বৈঠকে বসে। প্রায় দু ঘন্টা চলা ওই বৈঠকে স্বাস্থ্য অধিকর্তা ও স্বাস্থ্যসচিব ছাড়াও মেদিনীপুর মেডিক্যাল কলেজের অধ্যক্ষ মৌসুমী নন্দী ও স্ত্রীরোগ বিভাগের প্রধান উপস্থিত ছিলেন। বৈঠকের পর স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগম জানান, উচ্চ পর্যায়ের বৈঠকে প্রসূতি মৃত্যু এবং অসুস্থ হয়ে পড়ার নানা দিক খতিয়ে দেখা হয়েছে। অসুস্থদের চিকিৎসার জন্য বিশেষজ্ঞ চিকিৎসকদের নিয়ে

মেডিকেল বোর্ড গঠন করা হয়েছে। তাদের চিকিৎসার ব্যাপারে বোর্ডের সদস্যরাই সিদ্ধান্ত নেবেন।

গুরুতর অসুস্থ হয়ে পড়া তিন প্রসূতিকে চিকিৎসার জন্য কলকাতায় নিয়ে আসা হচ্ছে। গ্রিন করিডর করে তাদের কলকাতার SSKM-এ নিয়ে যাওয়া হবে বলে খবর।

oooooooooooooooooooooooo

নিম্নমানের স্যালাইন প্রয়োগে, মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতি মৃত্যুর প্রতিবাদে DYFI-এর রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখার্জীর নেতৃত্বে বাম ছাত্র-যুব মহিলারা আজ বিক্ষোভ মিছিলে সামিল হন। শহর পরিক্রমার পর এই মিছিল হাসপাতাল সুপারের কার্যালয়ের সামনে যায়। গেটে তালা ঝুলিয়ে দেওয়া হয়। আধ ঘণ্টারও বেশি সময় ধরে পথ অবরোধ করেন DYFI ও SFI কর্মীরা। মীনাক্ষী মুখার্জী বলেন, রাজ্যে জাল ওষুধের কারবারের শিকড় রয়েছে অনেক গভীরে।

(বাইট – মীনাক্ষী)

হাসপাতালের এমএসভিপি-র বিরুদ্ধে কোতোয়ালি থানায় এফআইআর-ও দায়ের করেন তারা।

ভারতীয় জনতা যুব মোর্চার সদস্যরাও আজ হাসপাতালের সামনে বিক্ষোভ দেখান। রাস্তার ওপর টায়ার জেলে প্রতিবাদ জানান তারা।

নিম্নমানের স্যালাইন ব্যবহারের ঘটনায় এনফোর্সমেন্ট বিভাগের হস্তক্ষেপ চেয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ নিম্নমানের স্যালাইনে প্রসূতি মৃত্যুকে অসাবধানবশত দুর্ঘটনা বলে উল্লেখ করেছেন।

(বাইট – কুনাল)

নিম্নমানের স্যালাইন, ওষুধের ব্যবহার এবং স্বাস্থ্য ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ তুলে কংগ্রেস আগামীকাল স্বাস্থ্যভবন অভিযান করবে। প্রদেশ সভাপতি শুভঙ্কর সরকার একথা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

সাগর মেলার নিরাপত্তায় রাজ্য সরকার বদ্ধপরিকর বলে বিদ্যুৎমন্ত্রী অরূপ বিশ্বাস জানিয়েছেন। আজ গঙ্গাসাগর মেলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন।

(বাইট – অরূপ বিশ্বাস)

পুণ্যতীর্থ গঙ্গাসাগরে ক্রমশ বাড়ছে মানুষের ভিড়। কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে মেলা চত্বরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে প্রশাসন। চালু রয়েছে মেগা কন্ট্রোলরুম। গাড়ির পাশাপাশি ভেসেল এবং বার্জে লাগানো হয়েছে জিপিএস। নজরদারির জন্য রয়েছে পর্যাপ্ত সংখ্যক সিসি টিভি ক্যামেরা।

আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – গৌতম)

এদিকে, সাগর মেলার কচুবেড়িয়া পয়েন্টে পুলিশের অস্থায়ী ক্যান্টিনে আজ সন্ধ্যায় আগুন লাগে। দমকলের দুটি ইঞ্জিন ঘটনাস্থলে ছুটে যায়।

০০০০০০০০০০০০০০০০০০

মকর সংক্রান্তি উপলক্ষে আগামী মঙ্গলবার গঙ্গায় পুণ্য স্নান নির্বিঘ্নে সম্পন্ন করতে রাজ্য প্রশাসনের অনুরোধে ওই দিন ভোর চারটে থেকে বিকেল তিনটে পর্যন্ত চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, পশ্চিমী ঝঞ্ঝার কারণে মকর সংক্রান্তির আগে রাজ্যের জেলাগুলিতে তাপমাত্রার পারদ কিছুটা বাড়লেও আজও শীতের আমেজ। আজ ও আগামীকাল উত্তরবঙ্গের দার্জিলিং ও কালিম্পং-এ হালকা বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা। কলকাতা সহ দক্ষিণ বঙ্গে মূলতঃ আবহাওয়া শুষ্ক থাকবে। আজ কলকাতায় দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ০.৪ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ছিল- ২৫ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে কিছুটা বেশি।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০